সংবাদ

তারিখ 04 FEB 2016
পৃষ্ঠা ৫ কলাম ৬

# রাবিতে 'শিক্ষা-বাণিজ্য প্রতিরোধ দিবস' পালন

প্রতিনিধি, রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) সান্ধ্যকোর্স বন্ধ এবং বর্ধিত বেতন-ভাতা প্রত্যাহারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার দুই বছর পূর্তি উপলক্ষে 'শিক্ষা-বাণিজ্য প্রতিরোধ দিবস' পালন করা হয়েছে। গত মঙ্গলবার এ উপলক্ষে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে শিক্ষার্থীরা।

বেলা ১২টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে থেকে মিছিলটি শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে পুনরায় সেখানে এসে সামাবেশে মিলিত হয়। এ সময় বক্তব্য দেন, রাবির অর্থনীতি বিভাগের শিক্ষার্থী প্রদীপ মার্ডি, বাংলা বিভাগের তাসনুভা তাহরীন অন্তরা, ইংরেজি বিভাগের তমাশ্রী দাস, পরিসংখ্যান বিভাগের সাব্বির হাসান, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ফারুক ইমন প্রমুখ। সমাবেশে বক্তারা বলেন, গত ২ ফেব্রুয়ারির আন্দোলনে বিশ্ববিদ্যালয় প্রশাসন বর্ধিত ফি বন্ধের দাবি মেনে নিলেও দুই বছর পর এখনো তারা বাস্তবায়ন করেনি। এছাড়া ওই আন্দোলনে সাধারণ শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগ ও পুলিশ গুলি চালালেও মামলা হয় সাধারণ শিক্ষার্থীদের নামে। ওই মামালা এখনো তুলে নেয়া হয়নি। ফলে এসব শিক্ষার্থীদের চাকরি প্রাপ্তির ক্ষেত্রে নানা হয়রানির শিকার হচ্ছেন। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় উপ-উপাচার্য অধ্যাপক চৌধুরী সারওয়ার জাহান বলেন, মামলাগুলো তুলে নেয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পুলিশ প্রশাসনকে বলা হয়েছিল। এখনও কেন মামলাগুলো তোলা হয়নি তা খোঁজ নিয়ে দেখা হবে।